

উপস্থিত : মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ

আদেশ নং-০৪
তারিখ ২৯/০১/২০২৩

অদ্য এক-তরফা আদেশের জন্য দিন ধার্য আছে।

দরখাস্তকারীপক্ষ হাজির। নথি আদেশের জন্য গ্রহন করলাম।

জান্নাতুল ফেরদৌস (Pt.W.1) এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলী কাগজাদি দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক বিবেচনায় প্রতীয়মান হয় যে, প্রার্থীপক্ষ অত্র মামলায় প্রার্থীত প্রতিকার পেতে পারে।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

অত্র পারিবারিক মামলা প্রতিপক্ষের বিরুদ্ধে বিনাখরচায় মঞ্জুর হলো। এতদ্বারা প্রার্থী জান্নাতুল ফেরদৌস কে উপযুক্ত সিকিউরিটি বন্ড দাখিল ও আদালত কর্তৃক তা গ্রহণ সাপেক্ষে তার নাবালক পুত্র সন্তান মোঃ আবদুল্লাহ বিন আফিপ (জন্ম তারিখ- ২৪/০৩/২০১৩ খ্রিঃ) ও নাবালিকা কন্যা সন্তান রেয়ানুল জান্নাত তানিসা (জন্ম তারিখ- ১৬/০৯/২০০৬ খ্রিঃ) ও ফাছিয়া জান্নাত পুষ্পা (০১/০৮/২০০৮ খ্রিঃ) এর শরীর এবং উক্ত নাবালক পুত্র কন্যার স্বত্বাধীন দরখাস্ত বর্ণিত তফসিলী সম্পত্তি বাবদ অভিভাবক নিযুক্ত করা হলো। আদালতের পূর্বানুমতি ব্যতীত উক্ত সম্পত্তি হতে কোনরূপ ব্যয় নির্বাহ না করার জন্য প্রার্থীকে নির্দেশ দেওয়া গেল। প্রার্থী প্রতি ইংরেজি বৎসরের জানুয়ারি মাসের প্রথম সপ্তাহের যে কোন কার্যদিবসে তার উক্ত নাবালক ও নাবালিকা পুত্র-কন্যার উলেখিত সম্পত্তির বিবরণী (Statement) আদালতে দাখিল করবেন।

অতি সত্বর সিকিউরিটি বন্ড দাখিল করা হোক।

আমার স্বহস্তে টাইফকৃত ও সংশোধিত

মোঃ হাসান জামান
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ ২য় ও পারিবারিক আদালত,
পটিয়া, চট্টগ্রাম।

মোঃ হাসান জামান
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ ২য় ও পারিবারিক আদালত,
পটিয়া, চট্টগ্রাম।